প্রথম আলো

তারিখ 13 MAR 2003
পৃষ্ঠা ৫ কলাম ৪

বরগুনা-বেতাগী সড়ক আন্দোলন

# প্রাথমিক শিক্ষকদের শোভাযাত্রা আজ

**বরগুনা প্রতিনিধি**

বরগুনা-বেতাগী-বাকেরগঞ্জ সড়ক বাস্তবায়নে নাগরিক আন্দোলনের অংশ হিসেবে আজ বুধবার বরগুনা সদর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি শোভাযাত্রা ও জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী, এলজিআরডি মন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর স্মারকলিপি প্রদান করবে। আজ সকাল ১০টায় বরগুনা জেলা স্কুলে উপজেলা শিক্ষক সমিতির মাসিক সভা থেকে এ শোভাযাত্রা শুরু হবে। শিক্ষক সমিতির নেতা মোঃ হোসেন বাচ্চু মোল্লা ও আবুল হাশেম গতকাল মঙ্গলবার সন্ধ্যায় এ তথ্য জানিয়েছেন।

উল্লেখ্য, বরগুনা-বেতাগী-বাকেরগঞ্জ সড়ক বাস্তবায়নে স্থানীয় সৃজনশীল যুব সংগঠন ফায়ার ফ্লাই ও প্রথম আলো বন্ধুসভার যৌথ উদ্যোগে নাগরিক আন্দোলনের প্রতি ইতিপূর্বে উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি নেতৃবৃন্দ একাত্মতা ঘোষণা করেন। এদিকে সড়ক বাস্তবায়নের দাবিতে নাগরিক কমিটি আগামী ২৫ মার্চ মানববন্ধন কর্মসূচিকে সফল করতে বরগুনার বিভিন্ন হাটবাজারে পথসভা ও গণসংযোগ অব্যাহত রয়েছে।